

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৪৭

পর্ব - ৮ঃ বিবাহ (১ হার্ন)

পরিচ্ছেদঃ ৪. ওয়ালিমাহ - দুজন নিমন্ত্রনকারী একত্রে দাওয়াত দিলে কার দাওয়াত কবুল করবে এর বিধান

আরবী

وَعَنْ رَجُلٍ مِنْ أَصِحَابِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: إِذَا اجْتَمَعَ دَاعِيَانِ, فَأَجِبْ أَقْرَبَهُمَا بَابًا, فَإِنْ سَبَقَ أَحَدُهُمَا فَأَجِبِ الَّذِي سَبَقَ. رَوَاهُ أَبُو دَاوُدَ, وَسَنَدُهُ ضَعِيفٌ

ضعيف. رواه أبو داود (3756) وفي سنده أبو خالد الدالاني، وهو «صدوق، يخطئ كثيرًا، وكان يدلس» كما قال الحافظ في التقريب

বাংলা

১০৪৭। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোন একজন সাহাবী থেকে বর্ণিত, তিনি বলেছেন-দু'জন নিমন্ত্রণকারী একত্র হলে, তোমার দরজার (বাড়ির) নিকটবর্তী ব্যক্তির দাওয়াত গ্রহণ করবে। আর যদি তাদের কেউ পূর্বে আসে। তবে প্রথম ব্যক্তির দাওয়াত গ্রহণ করবে। —এর সানাদ দুর্বল।[1]

ফুটনোট

[1] আবৃ দাউদ ৩৭৫৬, আহমাদ ২২৯৫৬। ইবনু হাজার তাঁর আত-তালখীসুল হাবীর ৩/১২২৭ গ্রন্থে বলেন, এর সানাদ দুর্বল তবে এর শাহেদ হাদীস রয়েছে। ইমাম সনআনী সুবুলুস সালাম ৩/২৪৮ গ্রন্থে বলেন, আবৃ খালিদ আদ দালানী ব্যতীত এর সকল বর্ণনাকারী বিশ্বস্ত, কেননা সে বিতর্কিত। শাইখ আলবানী ইরওয়াউল গালীল ১৯৫১, যঈফ আবৃ দাউদ৩৭৫৬, তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৩১৫৯ গ্রন্থত্রয়ে একে দুর্বল বলেছেন। তিনি তাঁর আত তালীকাতুর রখীয়্যাহ (৩/১৪১) গ্রন্থে বলেন, এর সানাদে ইয়াযীদ বিন আবদুর রহমান নামক বর্ণনাকারী হচ্ছে দুর্বল ও মুদাল্লিস। বিন বাযও তার হাশিয়া বুলুগুল মারাম (৬০২) গ্রন্থে উক্ত বর্ণনাকারী ছাড়া হাদীসটির



সানাদকে উত্তম বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন